

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫৯৮

১৫/ দাওয়াত

পরিচ্ছেদঃ ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

## আরবী

عَن أُمِّ المُؤمِنِينَ أُمِّ الحَكَمِ زَينَبَ بِنتِ جَحشٍ رَضِيَ اللهُ عَنْهُا: أَن النَّبِي عَيْكِ دَخَلَ عَلَيْهَا فَزِعاً يَقُولُ لا إِلهَ إِلاّ الله وَيلُ للْعَرَبِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ فُتِحَ اليَوْمَ مِنْ رَدْمِ يَأْجُوجَ عَلَيْهَا فَوْعاً يَقُولُ لا إِلهَ إِلاّ الله وَيلُ للْعَرَبِ مِنْ شَرِّ قَدِ اقْتَرَبَ فُتِحَ اليَوْمَ مِنْ رَدْمِ يَأْجُوجَ وَمَا جُوجَ مِثلَ هذهِ وحلق بأُصبُعيهِ الإبهامِ وَالَّتِي تَلِيهَا فَقُلتُ: يَا رَسُولَ اللهِ أَنَهْلِكُ وَفِينَا الصَّالِحُونَ ؟ قَالَ نَعَمْ إِذَا كَثُرَ الخَبَثُ مُتَّفَقٌ عَليهِ

## বাংলা

(১৫৯৮) উন্মূল মু'মিনীন উন্মূল হাকাম যয়নাব বিনতে জাহশ (রাঃ) হতে বর্ণিত, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকট শক্ষিত অবস্থায় প্রবেশ করলেন। তিনি বলছিলেন, আল্লাহ ব্যতীত কেউ সত্য উপাস্য নেই, আরবের জন্য ঐ পাপ হেতু সর্বনাশ রয়েছে যা সন্নিকটবর্তী। আজকে ইয়া'জূজ-মা'জূজের দেওয়াল এতটা খুলে দেওয়া হয়েছে। এবং তিনি (তার পরিমাণ দেখানোর জন্য) নিজ বৃদ্ধা ও তর্জনী দুই আঙ্গুল দ্বারা (গোলাকার) বৃত্ত বানালেন। আমি বললাম, 'হে আল্লাহর রসূল! আমাদের মাঝে সংলোক মওজুদ থাকা সত্ত্বেও কি আমরা ধ্বংসপ্রাপ্ত হব?' তিনি বললেন, হ্যাঁ, যখন নোংরামি বেশী হবে।

## ফুটনোট

(বুখারী ৩৩৪৬, ৩৫৯৮, মুসলিম ৭৪১৬-৭৪১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যায়নাব বিনতে জাহাশ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন